মুজিবনগরে ইউনিয়ন জামায়াতের আমির ও সেক্রেটারীসহ ৬ জন গ্রেফতার

নাশকতার অভিযোগে পুলিশের দায়ের করা মামলার এজাহারভূক্ত আসামি ইউনিয়ন জামায়াতের আমির ও সাধারণ সম্পাদকসহ ৬ জনকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে মুজিবনগর থানা পুলিশের একাধিক টিম পৃথক অভিযান চালিয়ে আজ শুক্রবার (১২ মে) ভোররাত পর্যন্ত এসব আসামি গ্রেফতার করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মেহেদী রাসেলের নেতৃত্বে থানার এসআই উত্তম কুমার, এসআই মোঃ আশিক, এস আই সজীব, এএসআই শিহাবসহ সঙ্গীয় ফোর্স গ্রেফতার অভিযানে অংশ নেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল আজ শুক্রবার বিকালে এই তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃতরা হলেন, মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের মৃত আব্দুল হান্নানের ছেলে মহাজনপুর ইউনিয়ন জামায়াতে ইসলামের আমির মোঃ আব্দুল হামিদ (৬৫), মহাজনপুর গ্রামের মৃত আব্দুর রাজ্জাকের ছেলে মহাজনপুর ইউনিয়ন জামায়াতে ইসলামের সেক্রেটারি মোহাম্মদ মফিদুল ইসলাম (৫৫)।

এছাড়া আদালতের পরোয়ানাভূক্ত সিআর ৪৬/২৩ নং মামলার আসামি বল্লভপুর গ্রামের ফিতাজ উদ্দীনের ছেলে সোহরাব উদ্দীন, শরীফ উদ্দীন, আব্দুল মতিন ও সিআর ২৩১/২৩ নং মামলার আসামি বাগোয়ান গ্রামের জসিম উদ্দীনের ছেলে মো: দীপন শেখ।

গ্রেফতারকৃত আসামিদের আজ শুক্রবার দুপুরের দিকে বিজ্ঞ আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।